One of the remarkable achievements of MIS-Health is the receipt of the United Nations ICT Award titled "Digital Health for Digital Development" in a ceremony held in the Waldorf Astoria Hotel of New York on 19 September 2011, organized on the occasion of the 66th Assembly of the United Nations. The award was given as recognition to Bangladesh Government's success in using the information and communication technology for development of health and nutrition, particularly for contributing to improvement of maternal and child health.

HPNSDP -র আওতায় HIS-এর আর্থিক কর্মকান্ডের বিস্তারিত নিম্নে প্রদান করা হলো।

(লক্ষ টাকায়)

অর্থনৈতিক কোড	কার্যক্রম	এডিপি বরাদ্দ	ব্যয়
৪৮০০	সরবরাহ ও সেবা	১,৩৭৪.১০	১,৩৫৩.৭৪
৪৯০০	মেরামত ও সংরক্ষণ	৬৩.৯০	৬৩.৮৮
৬৮০০	সম্পদ আয়	৩,২৯১.০০	৩,২৮৫.৪৩
	মোট	৪,৭২৯.০০	৪,৭০৩.০৫

তৃতীয় অধ্যায়

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

সংস্থার পরিচিতিঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়াধীন একটি সেবামূলক কার্যক্রমের প্রতিষ্ঠান । বাংলাদেশের পরিবার পরিকল্পনা কর্মসূচির ইতিহাসের সূচনা খুঁজে পাওয়া যাবে পঞ্চাশ দশকের গোড়াতে। ১৯৫৩ সালে গৃহীত স্বেচ্ছামূলক উদ্যোগ ১৯৬৫ সালের প্রথম দিকে জাতীয় কর্মসূচি বাস্তবায়নের মূখ্য অংশীদার হিসাবে সরকারের অংশগ্রহণের ক্ষেত্র প্রস্তুত করে। এরই ধারাবাহিকতায় সরকারি সংস্থা হিসেবে সংগঠনের শুরু হলেও ১৯৬৬ সালের মে মাসে এটিকে একটি স্বায়ত্তশাসিত বোর্ডে রূপান্তরিত করা হয়। ১৯৭৫ সালের আগষ্ট মাসে এই বোর্ডের বিলুপ্তি সাধন করা হয় এবং স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ে নবগঠিত একটি বিভাগের অধীনে একটি সরকারি পরিদপ্তর স্থাপিত হয়। সে থেকে দেশের উন্নয়ন তৎপরতার অংশ হিসেবে জনসংখ্যা কার্যক্রম একটি বহুমুখী মাত্রা লাভ করে। পরবর্তীতে ১৯৭৬ সালের জানুয়ারী মাসে সরকার জনসংখ্যা দ্রুত বৃদ্ধিকে দেশের ১ নম্বর সমস্যা বলে ঘোষণা করেন এবং জনসংখ্যা নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নকে সর্বোচ্চ অগ্রাধিকার দেন। একই বছর জুন মাসে সরকার একটি জাতীয় জনসংখ্যা নীতির রূপরেখা অনুমোদন করেন। বিভিন্ন দাতা সংস্থা সমূহ সহযোগিতা করে কর্মসূচিকে এগিয়ে নেয়ার জন্য অংশগ্রহণের হাত বাড়িয়ে দেন।

কর্মপরিধিঃ

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মূল উদ্দেশ্য হল সমগ্র বাংলাদেশে পরিবার পরিকল্পনা কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধির হার সহনীয় পর্যায়ে রাখা। মা ও শিশু মৃতুর হার হ্রাস করাসহ দেশের জনসাধারণ বিশেষতঃ অতি দরিদ্র জনগোষ্ঠির মধ্যে দীর্ঘ মেয়াদি পরিবার পরিকল্পনা বিষয়ে সেবা প্রদান ও সচেতনতা বৃদ্ধি করে তাঁদের জ্ঞান, আচরণ ও স্বাস্থ্য চর্চার উন্নতির মাধ্যমে সবোর্চ্চ স্বাস্থ্যমান অর্জন করা, CPR বাড়ানোর মাধ্যমে TFR এবং MMR কমিয়ে আনা এবং সার্বিকভাবে দারিদ্র দূরীকরণে সহায়তা করা। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মূল সেবাসমূহঃ

(ক) পরিবার পরিকল্পনা বিষয়ক সেবাঃ

- খাবার বড়ি ও ইসিপি বিতরণ
- কনডম বিতরণ
- জন্ম নিয়ন্ত্রণ ইনজেকশন প্রয়োগ
- ইমপ্ল্যান্ট ইনসারশন ও রিমুভাল
- আইইউডি ইনসারশন ও রিমুভাল
- টিউবেকটমী ও
- ভ্যাসেকটমী/এনএসভি

(খ) মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক সেবাঃ

- গর্ভবতী ও গর্ভোত্তর মায়েদের সেবা
- ডেলিভারী/ প্রসবকালীন সেবা

- সিজারিয়ান অপারেশন
- ০-৫ বৎসর বয়সী শিশুদের প্রাথমিক রোগের চিকিৎসা
- মা ও শিশুদের টিকা
- মা ও শিশুদের পুষ্টি সেবা
- মা ও শিশুদের অন্যান্য বিভিন্ন প্রয়োজনীয় চিকিৎসা
- কিশোর কিশোরীদের বয়ঃসন্ধিকালীন পরামর্শ এবং চিকিৎসা সেবা
- মহিলাদের বিভিন্ন যৌন রোগের চিকিৎসা সেবা
- গর্ভপাত পরবর্তী সেবা
- ভায়া পরীক্ষা ও
- এমআরসহ উল্লিখিত সেবার জটিলতা বিষয়ক সমস্যার রেফারেল।

(গ) অন্যান্য সেবা সমূহঃ

- প্যাথলজিক্যাল পরীক্ষা
- আল্ট্রাসনোগ্রাফী
- কাউন্সেলিং

(ঘ) ডাক্তার এবং প্যারামেডিক্সদের বিভিন্ন ধরণের ক্লিনিক্যাল প্রশিক্ষণ কার্যক্রমঃ

- ভিএসসি এবং RTI/STI, HIV/AIDS
- ইমপ্ল্যান্ট
- আইইউডি
- এমআর ট্রেনিং
- ইনফেকশন প্রিভেনশন
- কাউন্সেলিং
- পোষ্ট এবরশন কেয়ার (PAC)
- বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের ফিল্ড ওয়ার্ক এর উপর প্রশিক্ষণ ।
- বিভিন্ন ক্লিনিক্যাল কার্যক্রমের উপর গবেষণা ।

কর্মবন্টনঃ

পরিবার পরিকল্পনা কার্যক্রম অধিকতর গতিশীল করার লক্ষ্যে অধিদপ্তর থেকে শুরু করে বিভাগ,জেলা, উপজেলা/থানা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যন্ত ৫২,৪২০ জনবলের পদ বিদ্যমান রয়েছে । উক্ত পদগুলোর ৫২,২৩৩ টি রাজস্ব খাতভুক্ত এবং অবশিষ্ট ১৮৭ টি পদ উন্নয়ন খাতভুক্ত। এ সকল জনবল দ্বারা বর্তমানে পরিবার পরিকল্পনা সেবার পাশাপাশি হাসপাতাল , মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং কোন কোন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে পূর্নাংগ ডেলিভারী ও জরুরি প্রসূতি সেবা পরিচালিত হচ্ছে ।

গত ২০১০-১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের কর্মসম্পাদনঃ

(১) নিয়োগ/পদোন্নতি প্রদানঃ

প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি (২০১১-২০১২)			নতুন নিয়োগ প্রদান		
কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট
-	৪৪	৪৪	২১	৫৬৯৫	৫৭১৬

(২) অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (২০১০ - ২০১১ পর্যন্ত)

(টাকার অংক কোটি টাকায়)

ক্রমিক	মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম	অডিট আপত্তি		ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা
		সংখ্যা	টাকার পরিমাণ		সংখ্যা	টাকার পরিমাণ	
পরিবার পরিকল্পনা অধিদপ্তর		৫৫৮১	১২৬.৭৭	১৮৬১	১০৫১	১৯.০০	৪৫৩০
সর্বমোট		৫৫৮১	১২৬.৭৭	১৮৬১	১০৫১	১৯.০০	৪৫৩০

অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (২০১১ - ২০১২ পর্যন্ত)

(টাকার অংক কোটি টাকায়)

ক্রমিক	মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম	অডিট আপত্তি		ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তিকৃত অডিট আপত্তি		অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা
		সংখ্যা	টাকার পরিমাণ		সংখ্যা	টাকার পরিমাণ	
পরিবার পরিকল্পনা অধিদপ্তর		৪৪৪৯	৭০.৮৫	৬১৫	৫০৯	৪.৬৪	৩৯৪০
সর্বমোট		৪৪৪৯	৭০.৮৫	৬১৫	৫০৯	৪.৬৪	৩৯৪০

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলাঃ

প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১০-১১) পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
১৬৫	০৬	২৫	৩৬	৬৭	৯৮

প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০১১-১২) পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা				অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরিচ্যুতি/ বরখাস্ত	অব্যাহতি	অন্যান্য দন্ড	মোট	
১১৯	০৪	১০	১৭	৩১	৮৮

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলাঃ

(২০১০-২০১১ অর্থ বছর)

সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
৪৮	১৮	-	৬৬	০৫

(২০১১-২০১২ অর্থ বছর)

সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে দায়েরকৃত মামলার সংখ্যা	মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা	উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা	দায়েরকৃত মোট মামলার সংখ্যা	নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা
৫০	৩৩	-	৮৩	০৫

(৫) মানবসম্পদ উন্নয়ন

(২০১০- ২০১১ অর্থ বছর)

বিদেশে প্রশিক্ষণ	দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ
১৮৭	২৫৩১৫

(২০১১- ২০১২ অর্থ বছর)

বিদেশে প্রশিক্ষণ	দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ
০৩	১২৩৫

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্যঃ

অর্থ বছর	দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা	সেমিনার/ওয়ার্কশপের অংশগ্রহণকারীদের সংখ্যা
২০১০-২০১১	৭৮৩	২৯৩৫৮
২০১১-২০১২	৭৫৩	৩৩২৫৬

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপনঃ

অর্থ বছর	কম্পিউটারের মোট সংখ্যা	ইন্টারনেট সুবিধা	ল্যান (LAN) সুবিধা	ওয়ান (WAN) সুবিধা	কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা	
২০১০-২০১১	৬৯২	আছে	আছে	-	১৯০	৪৫০
২০১১-২০১২	৭৫	আছে	আছে	-	৫২	৯৭

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ

(টাকার অংক কোটি টাকায়)

		২০১০-২০১১		২০১১-২০১২	
		লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন
রাজস্ব আয়	রেভিনিউ				
	নন-ট্যাক্স রেভিনিউ	৯.২৮	৪.২৬	৯.৯৯	৩.৩১

(৯) পরিবার পরিকল্পনা সেবা সম্পাদন সংক্রান্তঃ

২০১০-২০১১ অর্থ বছরঃ

ক) ২০১০-১১ অর্থ বছরে পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা নিম্নরূপ:

(১) স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) গ্রহনকারীর সংখ্যা =২,৮৯,২৬২

(২) দীর্ঘ মেয়াদি পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা; আইইউডি : ৩,০৭,২৬৭, ইমপ্ল্যান্ট : ২,৭৩,৬৭৭

খ) ২০১০-২০১১ অর্থ বছরে মোট ৩৪,২০,৯২০ জন মাকে প্রসবপূর্ব সেবা, ১৪,৩১,৩৪২ জন মাকে প্রসবোত্তর সেবা, ৩,৪৭,১২৭ জন মাকে প্রসব সেবা, ৪০,৫৭১ জন মাকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে প্রসব সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ১-৫ বছরের ১,১৩,৩০,৭১৭ জন শিশুকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে এবং ৩,২৪,৬৫,৩৩০ জন সাধারণ রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে ।

গ) ২০১১-২০১২ অর্থ বছরে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, ঔষধ ও এমএসআর ক্রয় বাবদ মোট প্রায় ২৭০ কোটি টাকার (আরপিএ ২৩০কোটি + রাজস্ব ৪০ কোটি) ক্রয় সম্পন্ন করা হয়। যার মধ্যে উল্লেখযোগ্য জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী এবং ডিডিএস কিটস নিম্নরূপ:

- ২৫০ মিলিয়ন পিস কনডম,
- ৪০ মিলিয়ন সাইকেল খাবার বড়ি
- ১৫ মিলিয়ন ভায়াল ইনজেক্টেবলস,
- ৪ লক্ষ ৭৫ হাজার পিস আইইউডি,
- ৪ লক্ষ ২০ হাজার পিস ইমপ্ল্যান্ট এবং
- ২৭ হাজার বক্স ডিডিএস কিটস ।

ঘ) স্থায়ী ও দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি, নবজাতকের যত্ন, বিলম্বে বিবাহ এবং মাতৃদুগ্ধ পান বিষয়ে দেশব্যাপী প্রচার অভিযান কার্যক্রম।

ঙ) নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, প্রজনন স্বাস্থ্য ও জন্মবিরতিকরণ বিষয়ে উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা, ইউপি চেয়ারম্যান, ম্যারেজ রেজিস্ট্রার, ধর্মীয় নেতা, মাদ্রাসা/স্কুল শিক্ষকদের সমন্বয়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বিলম্বে বিবাহ, বয়:সন্ধিকালীন স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও নিরাপদ মাতৃত্ব বিষয়ে অবহিতকরণ কর্মশালা।

চ) স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্য চিত্র, টিভি নাটক, টিভি স্পট, টিভি ম্যাগাজিন অনুষ্ঠান, পথ নাটক তৈরি ও প্রচার। এছাড়া বিটিভি, বেসরকারি টিভি চ্যানেল, বাংলাদেশ বেতার এবং বেসরকারি এফএম রেডিও চ্যানেলের মাধ্যমে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য বিষয়ে প্রচার অভিযান।

২০১১-২০১২ অর্থ বছরঃ

ক) ২০১১-১২ অর্থ বছরে পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা নিম্নরূপ:

১) স্থায়ী পদ্ধতি (পুরুষ ও মহিলা) গ্রহণকারীর সংখ্যা ৩,২০,০০০,

২) দীর্ঘ মেয়াদি পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা; আইইউডি : ২,৭০,০০০ এবং ইমপ্ল্যান্ট : ২,৫০,০০০

২০১১-২০১২ অর্থ বছরে ৭০টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র, এমসিএইচটিআই এবং এমএফএসটিসি থেকে মোট ২,৩২,১৬১ জন মাকে প্রসবপূর্ব সেবা, ৫৯,৭৩৬ জন মাকে প্রসবোত্তর সেবা, ৩৪,৬৯৭ জন মাকে প্রসব সেবা, ৮,১৭১ জন মাকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে প্রসব সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ১-৫ বৎসরের ৩,০৮,৯২৮ জন শিশুকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে এবং ৩,২৫,৪৭০ জন সাধারণ রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে ।

২০১৩ সাল পর্যন্ত জন্মনিয়ন্ত্রন সামগ্রী মজুদ নিশ্চিত করতে ২০১১-২০১২ অর্থ বছরে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ সামগ্রী, ঔষধ ও এমএসআর ক্রয় বাবদ মোট প্রায় ৩৭৪ কোটি ১২ লক্ষ ৮০ হাজার টাকা (আরপিএ ২৯৬ কোটি ২৩ লক্ষ ৬০ হাজার + রাজস্ব ৭৭ কোটি ৮৯ লক্ষ ২০ হাজার) প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য জন্ম নিয়ন্ত্রণ সামগ্রী এবং ডিডিএস কিটস নিম্নরূপ:

- ১৫০ মিলিয়ন সাইকেল খাবার বড়ি
- ১২ মিলিয়ন ভায়াল ইনজেক্টেবলস,
- ১২ লক্ষ পিস আইইউডি,
- ৮ লক্ষ ১ হাজার পিস ইমপ্ল্যান্ট এবং
- ৭৮ হাজার বক্স ডিডিএস কিটস্ ।

খ) স্থায়ী ও দীর্ঘমেয়াদি পরিবার পরিকল্পনা পদ্ধতি, নবজাতকের যত্ন, বিলম্বে বিবাহ এবং মাতৃদুগ্ধ পান বিষয়ে দেশব্যাপী প্রচার অভিযান কার্যক্রম।

গ) বরিশাল, সিলেট ও চট্রগ্রাম বিভাগে Post-Partum LAPM (Long Acting & Permanent Method) কার্যক্রম চালু করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

ঘ) নববিবাহিত ও এক সন্তানের দম্পতিদের জন্য পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, নিরাপদ মাতৃত্ব, প্রজনন স্বাস্থ্য ও জন্মবিরতিকরণ বিষয়ে উপজেলা পর্যায়ে উদ্বুদ্ধকরণ সভা, ইউপি চেয়ারম্যান, ম্যারেজ রেজিস্ট্রার, ধর্মীয় নেতা, মাদ্রাসা/স্কুল শিক্ষকদের পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, বিলম্বে বিবাহ, বয়:সন্ধিকালীন স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও নিরাপদ মাতৃত্ব বিষয়ে অবহিতকরণ কর্মশালা।

ঙ) পরিবার পরিকল্পনা কর্মসূচিকে গতিশীল করার লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের আইইসি অপারেশনাল প্ল্যানের আওতায় ২০১১-২০১২ অর্থ বছরে বিটিভি, বেসরকারি টিভি চ্যানেল, বেসরকারি এফএম রেডিও চ্যানেল, এভি ভ্যানের মাধ্যমে নাটক, শর্ট ফিল্ম, টিভি স্পট, রেডিও বার্তা ও চলচ্চিত্র প্রদর্শনীর আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এ ছাড়াও পল্লী গান, বিলবোর্ড, নিয়ন সাইন, ইলেক্ট্রনিক বিলবোর্ড এর মাধ্যমে ব্যাপক প্রচার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিম্ন অগ্রগতি সম্পন্ন এলাকায় ওয়ার্কশপ, সেমিনার ও গণ উদ্বুদ্ধকরণের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির প্রয়াস গ্রহণ করা হয়েছে। এ সকল প্রচারণামূলক কার্যক্রমের মাধ্যমে অধিক জনসংখ্যার কুফল ও পরিকল্পিত পরিবার গঠন সম্পর্কিত তথ্য প্রদানের মাধ্যমে জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারকারীর (স্থায়ী ও অস্থায়ী) হার বৃদ্ধি করে বাংলাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার কমানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

চ) কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সেবাদান, স্যাটেলাইট ক্লিনিক সংগঠনের মাধ্যমে সেবাদান এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহকে পর্যায়ক্রমে মানোন্নীতকরণের মাধ্যমে গুণগত মানসম্পন্ন সেবা প্রদান করা হচ্ছে।

ছ) বাংলাদেশ সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী বাংলাদেশ জনসংখ্যা নীতি যুগোপযোগীকরণের নিমিত্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রণীত পরিপূর্ণ খসড়ার উপর আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক খসড়াটি চূড়ান্ত খসড়া হিসেবে সংশোধন করা হয়েছে এবং পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত প্রক্রিয়াধীন আছে।

জ) মধ্য মেয়াদি বাজেটের আওতায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উন্নয়ন কর্মসূচির ২০১২-২০১৩ অর্থ বছরের বাজেট ও ২০১৩-২০১৭ পর্যন্ত প্রক্ষেপণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

ঝ) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা (২০১১) ইংরেজী সংস্করণে অন্তর্ভুক্তির জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২০১০-২০১১ সালের হালনাগাদ তথ্যাদি/উপাত্ত এবং বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা-২০১২ প্রণয়নের জন্য পরিকল্পনা অধিদপ্তরের তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

ঞ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ইউনিটে ইন্টারনেট সংযোগসহ দেশের ৪৮৩টি উপজেলায় ইন্টারনেট মডেম সরবরাহ করা হয়েছে।

ট) দীর্ঘমেয়াদি, স্থায়ী পদ্ধতি ও গর্ভবতী মহিলাদের তথ্য সংগ্রহের জন্য Web Based Software প্রস্তুতের কার্যক্রম শুরু করা হয়েছে।

৫। (ক) রাজস্ব খাতে ২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয়ঃ

অর্থ বছর	বাজেট(হাজার টাকায়)	বরাদ্দ(হাজার টাকায়)	ব্যয়(হাজার টাকায়)	
২০১০-২০১১	৯৮,৬৭,২২৪	৯৬,০৪,৮৯০	৯২,৩২,২৯০	
২০১১-২০১২	৯৮,১৮,৮১৩	৯১,২৮,৮০৫	৫০,১৪,৭৭৪	

(খ) উন্নয়ন খাতে ২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অর্থ বছর	জিওবি (বরাদ্দ/ব্যয়)	আরপিএ(বরাদ্দ/ব্যয়)	ডিপিএ(বরাদ্দ/ব্যয়)	মোট
২০১০-২০১১)	৫,১৮০.৪৩	৭,১৯৯.১১	৪,০৫৩.৫২	১৬,৪৩৩.০৬
২০১১-২০১২	৩,৪৫০.০০	১৬,৫৮৫.০০	১,৫৪৫.০০	২১,৫৮০.০০

ভবিষ্যত পরিকল্পনাঃ

মাঠপর্যায়ে পরিবার পরিকল্পনা কার্যক্রমকে আরও বেশী গ্রহণযোগ্য করতে জনপ্রতিনিধি ও বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে কর্মশালা, সেবার গুণগতমান বৃদ্ধি করার জন্য সেবা প্রদানকারীদের রিফ্রেসার ট্রেনিং, নববিবাহিত দম্পতিদের ওরিয়েন্টেশন/কর্মশালা, ক্লায়েন্ট সেগমেন্টেশন এর মাধ্যমে গ্রহীতা বাছাইকরণ, পদ্ধতি সুইচ ওভারের মাধ্যমে স্থায়ী ও দীর্ঘ মেয়াদি পদ্ধতিতে গ্রহীতা বৃদ্ধির মাধ্যমে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার (CPR) বৃদ্ধি করা এবং মোট প্রজনন হার (TFR) কমিয়ে আনা। শহর এলাকায় বস্তিসমূহ ও সিটি কর্পোরেশনে পরিবার পরিকল্পনা কার্যক্রম জোরদারকরণ। বিশেষ করে সিলেট, চট্রগ্রাম অঞ্চলের শহর এলাকার বস্তিসমূহে KFW (জার্মান) এর সহযোগিতায় পাইলটিং কার্যক্রম পরিচালনা করা হবে। এছাড়াও সমাজ ভিত্তিক স্বেচ্ছামূলক পরিবার পরিকল্পনা কার্যক্রমের উপর অধিকতর জোর দেয়া হবে যার মধ্যে থাকবে সমন্বিত উন্নয়ন প্রচেষ্টা ও পরিবার পরিকল্পনা বর্হিভূত ব্যবস্থাদি ।

চতুর্থ অধ্যায়

জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)

১. **পরিচিতিঃ** স্বাস্থ্য ও জনসংখ্যা কর্মসূচি ব্যবস্থাপনার ক্ষেত্রে দক্ষিণ এশিয়ার আঞ্চলিক আদর্শ প্রতিষ্ঠান তৈরির দিকে দৃষ্টি রেখে ১৯৭৭ সালে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট (নিপোর্ট) আত্মপ্রকাশ করে। প্রতিষ্ঠানটি ১৯৯৭ সালে রাজস্ব খাতে স্থানান্তর করা হয়। নিপোর্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি ও মনোভাব পরিবর্তনের জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে আসছে। নিপোর্টের আরেকটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হচ্ছে প্রজনন স্বাস্থ্য, শিশু স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা কর্মসূচিকে জোরদার করার জন্য কর্মসূচিভিত্তিক মূল্যায়নধর্মী এবং অপারেশনস্ গবেষণা ও সার্ভে পরিচালনা করা এবং কর্মসূচিকে উন্নয়নের জন্য গবেষণার ফলাফল কার্যকরভাবে বিভিন্ন পর্যায়ে উপস্থাপন করা। নিপোর্ট গবেষণা এবং প্রশিক্ষণ কার্যক্রম সরাসরি প্রধান কার্যালয়ের মাধ্যমে পরিচালনা করছে । এছাড়া প্যারামেডিক্স, ইউনিয়ন পর্যায়ে সেবা প্রদানকারী, মাঠ পর্যায়ের সুপারভাইজার এবং মাঠকর্মীদের প্রশিক্ষণ বিভাগ/জেলা পর্যায়ে ১১টি পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনষ্টিটিউট (FWVTI) এবং উপজেলা পর্যায়ে ২০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের (RTC) মাধ্যমে পরিচালনা করা হচ্ছে।

২. **কর্মপরিধিঃ**

ক) জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে নিপোর্ট প্রশিক্ষণের মাধ্যমে ব্যবস্থাপক, সেবাপ্রদানকারী, প্যারামেডিক্স, মাঠ পর্যায়ের সুপারভাইজার এবং মাঠকর্মীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি ও মনোভাব পরিবর্তনের মাধ্যমে স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং পুষ্টি কর্মসূচি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে। নিপোর্ট মধ্য পর্যায়ের ব্যবস্থাপক, প্রশিক্ষক এবং কর্মকর্তাদের বিভিন্ন ধরনের প্রশিক্ষণ প্রদান করে আসছে যা সহস্রাব্দের উন্নয়ন লক্ষমাত্রা অর্জনে সহায়তা করে থাকে। নিপোর্ট জুলাই ২০১০-জুন ২০১২ সময়ে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে কর্মরত ১২,২৮২ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে। মৌলিক প্রশিক্ষণ; ব্যবস্থাপনা উন্নয়ন প্রশিক্ষণ; ক্লিনিক্যাল ব্যবস্থাপনা প্রশিক্ষণ; পুনঃ প্রশিক্ষণ এবং শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রশিক্ষণ শীর্ষক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে এ সকল প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া মাঠ পর্যায়ে মাতৃ মৃত্যু রোধ এবং মা ও শিশু স্বাস্থ্য সেবা জোরদার করার লক্ষ্যে বেসরকারি পর্যায়ে দক্ষ সেবা প্রদানকারী সৃষ্টির জন্য কমিউনিটি প্যারামেডিক্স প্রশিক্ষণ নীতিমালা চূড়ান্ত করা হয়েছে।

খ) গবেষণা হচ্ছে জাতীয় নীতিমালা প্রণয়ন, কর্মসূচি বাস্তবায়নের দিক নির্দেশনা ও অগ্রাধিকার ভিত্তিক কার্যক্রম নির্ধারণের জন্য নীতি নির্ধারক, কর্মসূচি ব্যবস্থাপক এবং পেশাজীবিদের তথ্যের মূল উৎস। গবেষণা, মূল্যায়ন ও মনিটরিং কার্যক্রমকে জাতীয় স্বাস্থ্য, পুষ্টি ও পরিবার পরিকল্পনা কর্মসূচির একটি অপরিহার্য অংশ হিসেবে বিবেচনা করা হয়। স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচির অপারেশনাল প্ল্যানের আওতায় নিপোর্ট বাংলাদেশ ডেমোগ্রাফিক এন্ড হেলথ্ সার্ভে, ইউটিলাইজেশন অব এসেন্সিয়াল সার্ভিস ডেলিভারী সার্ভে, আরবান হেলথ্ সার্ভে, পুরুষদের জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে প্রজনন স্বাস্থ্যসেবা প্রদান, চাহিদাভিত্তিক প্রজনন

স্বাস্থ্য বিষয়ক গুরুত্বপূর্ণ গবেষণা/সার্ভে পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠাকাল থেকে নিপোর্টের গবেষণা শাখা বিভিন্ন গবেষণা এবং সার্ভের মাধ্যমে জাতীয় কর্মসূচি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে যাচ্ছে। বিশেষভাবে নিপোর্ট গবেষণার মাধ্যমে নিয়মিতভাবে জাতীয় এবং বিভাগীয় পর্যায়ে কর্মসূচির সূচক সমূহ মনিটর করা, জনমিতিক ও প্রজনন স্বাস্থ্য সম্পর্কিত সাম্প্রতিক (আপডেটেড) তথ্য প্রকাশ এবং মানব সম্পদ উন্নয়ন ও মূল্যায়ন সম্পর্কিত তথ্য প্রদানের মাধ্যমে জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে। নিপোর্ট সম্পাদিত গবেষণার মাধ্যমে মা ও শিশু মুত্যু, মা ও শিশুর অপুষ্টি, ফার্টিলিটি এবং পরিবার পরিকল্পনা বিষয়ক বিভিন্ন সূচক সম্পর্কে নিয়মিতভাবে তথ্য প্রকাশ ও তা নীতি নির্ধারকদের নিকট উপস্থাপন করা হয়।

সাম্প্রতিক সময়ে প্রকাশিত বাংলাদেশ মাতৃ মৃত্যু ও স্বাস্থ্যসেবা জরিপ প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশে মাতৃ মৃত্যুর হার প্রতি এক লক্ষ জীবিত জন্মে ২০০১ সালের ৩২২ থেকে কমে ২০১০ সালে ১৯৪ হয়েছে। এছাড়া বর্তমানে সম্পাদিত সার্ভের ফলাফল অনুযায়ী প্রসবপূর্ব সেবা গ্রহণকারীর হার (কমপক্ষে ১ বার) ২০০১ সালের ৪৭.৬% থেকে ২০১১ সালে ৬৮% এ উন্নীত হয়েছে, দক্ষ সেবা গ্রহণকারীর সহায়তায় প্রসবের হার ২০০১ সালের ১২.০% থেকে ২০১১ সালে ৩২% এর উন্নীত হয়েছে, প্রসব পরবর্তী সেবা গ্রহণকারীর হার ২০০১ সালের ১০.৬% থেকে ২০১১ সালে ২৭% এ উন্নীত হয়েছে, প্রসব সম্পর্কিত জটিলতার জন্য সেবা গ্রহীতার হার ২০০১ সালের ৫২.৭% থেকে ২০১০ সালে ৬৭.৯% এ উন্নীত হয়েছে এবং জন উর্বরতার হার (TFR) ২০০৭ সালের ২.৭ থেকে কমে ২০১১ সালে ২.৩ হয়েছে।

এছাড়া অতি সম্প্রতি সম্পাদিত বাংলাদেশ ডেমোগ্রাফিক এন্ড হেলথ সার্ভে ২০১১ এর ফলাফল অনুযায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি ব্যবহারকারীর হার (CPR) ২০০৭ সালের ৫৫.৭% থেকে ২০১১ সালে ৬১% এ উন্নীত হয়েছে, আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ২০০৭ সালের ৪৭.৫% থেকে ২০১১ সালে ৫২% এর উন্নীত হয়েছে এবং কম বয়সী মায়েদের (Married adolescent) মধ্যে পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারকারীর হার ২০০৭ সালের ৩৭.৬% থেকে ২০১১ সালের ৪২.৪% এ উন্নীত হয়েছে।

৩. সাংগঠনিক কাঠামো ও জনবল এবং কর্মবন্টনঃ

নিপোর্ট ০১/৭/১৯৯৭ ইং সালে ৯৬৫টি জনবল নিয়ে রাজস্বখাতে স্থানান্তরিত হয়। এর মধ্যে ৭৬৪টি পদ স্থায়ী। অবশিষ্ট টাস্কফোর্স সুপারিশ বহির্ভূত ২০১টি পদ। রাজস্বখাতে স্থানান্তরিত আদেশের ঙ ক্রমিকের শর্তানুযায়ী কর্মরত কর্মকর্তা/ কর্মচারী অবসর গ্রহণ, পদত্যাগজনিত, মৃত্যুজনিত বা অন্যকোন কারণে শূন্য হলে বিলুপ্ত বলে গণ্য হবে। এরূপ ১০২টি পদ শূন্য হওয়ায় টাস্কফোর্স সুপরিশ বহির্ভূত ৯৯টি পদ বিদ্যমান আছে। ফলে বর্তমানে অনুমোদিত পদ সংখ্যা (৭৬৪+৯৯)=৮৬৩ টি। এ ছাড়া নতুন পদ সৃষ্টি হওয়ায় মোট অনুমোদিত পদ সংখ্যা (৮৬৩+২)=৮৬৫।

৪. কর্মসম্পাদন প্রতিবেদনঃ

নিপোর্ট জুলাই ২০১০ থেকে জুন ২০১১ সময়ে জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে কর্মরত ৬২৫৯ জন কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে। জুলাই ২০১১ থেকে জুন ২০১২ সময়ে ৬০২৩ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

গবেষণার ক্ষেত্রে নিয়মিতভাবে জাতীয় এবং বিভাগীয় পর্যায়ে কর্মসূচির সূচক সমূহ মনিটর করা, জনমিতি ও স্বাস্থ্য সম্পর্কিত সাম্প্রতিক তথ্য প্রকাশ এবং মানব সম্পদ উন্নয়ন ও মূল্যায়ন সম্পর্কিত তথ্য প্রদানের মাধ্যমে জাতীয় পর্যায়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে যাচ্ছে।

নিপোর্ট জুলাই ২০১০ থেকে জুন ২০১১ মেয়াদে বাংলাদেশ মাতৃ মৃত্যু ও মাতৃ স্বাস্থ্য সেবা জরিপসহ ৪১টি গবেষণা/সার্ভে, ৩০টি প্রতিবেদন ও প্রকাশনা ও ৯টি কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ কোর্স/সভা আয়োজন করেছে।

৫. বাজেট বরাদ্দঃ

(ক)(১) অনুন্নয়ন খাতে ২০১০-১১ অর্থ বছরে কর্মকর্তাদের বেতন ২০৫.০০ লক্ষ টাকা, কর্মচারীদের বেতন ৬৭৫.০০ লক্ষ টাকা, ভাতাদি ৭৩২.৩৫ লক্ষ টাকা, সরবরাহ ও সেবা খাতে ২৩৬.৪৫ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ৩৭.০০ লক্ষ টাকা এবং সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে ১৭.৫০ লক্ষ টাকাসহ মোট ১৯০৩.৩০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যার মধ্যে ১৬৪১.৪৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(২) উন্নয়ন খাতে ২০১০-১১ অর্থ বছরে সরবরাহ ও সেবা খাতে ১১৮৫.০০ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ৫.০০ লক্ষ টাকা এবং সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে ১০.০০ লক্ষ টাকাসহ মোট ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যার মধ্যে ১১৩০.০০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। ৬২৫৯ জনবলকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়া ৮০টি গবেষণা কার্যক্রম সম্পাদন করা হয়েছে।

(খ) (১) অনুন্নয়ন খাতে ২০১১-১২ অর্থ বছরে কর্মকর্তাদের বেতন ২১০.০০ লক্ষ টাকা, কর্মচারীদের বেতন ৬৮০.০০ লক্ষ টাকা, ভাতাদি ৬২৬.৩৯ লক্ষ টাকা, সরবরাহ ও সেবা খাতে ২৯৭.৬৫ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ৪৫.০০ লক্ষ টাকা এবং সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে ৩২.০০ লক্ষ টাকাসহ মোট ১৮৯১.০৪ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যার মধ্যে জুন/২০১২ মাস পর্যন্ত সর্বমোট ১৭৪০.৪৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(২) উন্নয়ন খাতে ২০১১-১২ অর্থ বছরে সরবরাহ ও সেবা খাতে ১৪১৭.২৫ লক্ষ টাকা, মেরামত ও সংরক্ষণ খাতে ১৮.৭৫ লক্ষ টাকা এবং সম্পদ সংগ্রহ/ক্রয় খাতে ৩০০.০০ লক্ষ টাকাসহ মোট ১৭৩৬.০০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। যার মধ্যে জুন/২০১২ মাস পর্যন্ত সর্বমোট ১২৮০.৮৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

৬. ভবিষ্যত পরিকল্পনাঃ

নিপোর্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে একটি পেশা ভিত্তিক প্রশিক্ষণ ও গবেষণা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের প্রধান দায়িত্ব হচ্ছে পরিবার পরিকল্পনা কর্মসূচিতে নিয়োজিত উচ্চ পর্যায় হতে তৃণমূল পর্যায়ে সেবা প্রদানকারী কর্মকর্তা এবং কর্মচারীদের পেশাগত দক্ষতা অর্জনের জন্য প্রশিক্ষণ প্রদান করা এবং এ প্রশিক্ষণের প্রভাবকে যথার্থভাবে বিচার বিশ্লেষণ করার জন্য (Training related) গবেষণা কার্যক্রম পরিচালনা করা। এছাড়া বিজ্ঞান ও প্রযুক্তির প্রভাবে পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাইয়ে যথোপযুক্ত প্রশিক্ষণ পরিচালনা করা।

পঞ্চম অধ্যায়

ঔষধ প্রশাসন অধিদপ্তর

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বিশেষ একটি স্কিমের আওতায় ১৯৭৬ সালে ''ঔষধ প্রশাসন পরিদপ্তর'' প্রতিষ্ঠা লাভ করে। ঔষধের উৎপাদন, আমদানি, রপ্তানি, বিতরণ, বিক্রয়, নিয়ন্ত্রণ ও তদারকি (মনিটরিং) ঔষধ প্রশাসনের কার্যাবলীর আওতাধীন। দেশে বর্তমানে ৮২৩টি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান ও প্রায় ১ লক্ষ ঔষধের দোকান/ফার্মেসী রয়েছে। এ সকল প্রতিষ্ঠানের লাইসেন্সিং রেজিষ্ট্রেশন, পরিদর্শন ও মাঠ পর্যায়ে তদারকির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য গত ১৭-০১-২০১০ তারিখে ঔষধ প্রশাসন পরিদপ্তরকে সংযুক্ত দপ্তর (Attached Department) হিসেবে অধিদপ্তরে উন্নীত করা হয়।

কর্ম পরিধিঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তর ঔষধের কাঁচামাল ও মোড়ক দ্রব্যাদির আমদানি থেকে শুরু করে সকল ধরনের ঔষধের উৎপাদন, প্রস্তুতকৃত ঔষধের আমদানি, রপ্তানি, বিতরণ, বিক্রয়, মূল্য নিয়ন্ত্রণ, বিজ্ঞাপন নিয়ন্ত্রণ ও মান-নিয়ন্ত্রণ সংক্রান্ত যাবতীয় কাজ করে থাকে এবং মান-নিয়ন্ত্রণের লক্ষ্যে ঔষধের নমুনা সংগ্রহ ও ঔষধের কারখানা, ডিপো ও খুচরা ঔষধের দোকান পরিদর্শনসহ নানাবিধ কর্মকান্ড পরিচালনা করে থাকে।

১৯৮২ সালে জাতীয় ঔষধ নীতির প্রবর্তন এবং ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ জারি করার পর এ্যালোপ্যাথিক ঔষধের পাশাপাশি শাস্ত্রীয় (ইউনানি, আয়ুর্বেদিক) ও হোমিওপ্যাথিক এবং বায়োকেমিক ঔষধের উৎপাদন, আমদানি, বিতরণ, বিক্রয় সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিয়ন্ত্রণে আনা হয়। ফলশ্রুতিতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মপরিধি বহুগুণে বৃদ্ধি পায়। তৎসঙ্গে ঔষধ প্রশাসনের কার্যধারায়ও অনেক মৌলিক পরিবর্তন ঘটে।

বর্তমানে দেশে ২৫৮টি এ্যালোপ্যাথিক ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান প্রায় ৬০০০ কোটি টাকার ঔষধ ও ঔষধের কাঁচামাল তৈরি করে। এছাড়া দেশের ২৬৮টি ইউনানি ও ২০১টি আয়ুর্বেদিক এবং ৭৯ টি হোমিওপ্যাথিক ও ১৭টি হার্বাল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান প্রায় ৬০০ কোটি টাকার ঔষধ উৎপাদন করে থাকে। দেশে প্রায় এক লক্ষ লাইসেন্সধারী ঔষধ বিক্রয়ের দোকান রয়েছে। এসব ঔষধ প্রস্তুতকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকান্ড নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্বও ঔষধ প্রশাসন অধিদপ্তর পালন করে থাকে।

ঔষধ প্রশাসন অধিদপ্তর ঔষধ রপ্তানির যাবতীয় কাজ (জিএমপি সার্টিফিকেট ও ফার্মাসিউটিক্যাল প্রোডাক্ট (সিপিপি) ফরম-১০ ইত্যাদি) প্রদান করে থাকে।

অবকাঠামো ও জনবলঃ

ঔষধ প্রশাসনকে অধিদপ্তরে উন্নীত করায় পূর্বের ২২০টি পদসহ ১৫০টি নতুন পদ (৫৫টি আউট সোর্সিং) সৃষ্টির ফলে অধিদপ্তরের বর্তমান মোট জনবল ৩৭০। বর্তমানে কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও শূন্য পদের তথ্যাদি নিম্নরূপঃ

শ্রেণী	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য পদ
১ম	১১৮	৪২	৭৬
২য়	২৫	১১	১৪
৩য়	১১৫	৫৩	৬২
৪র্থ	১১২ (৫৭+আউট সোর্সিং ৫৫)	৪০	৭২
মোট	**৩৭০**	**১৪৬**	**২২৪**

ঔষধ প্রশাসন অধিদপ্তরের ঢাকায় অবস্থিত ১টি হেড অফিস ও জেলা পর্যায়ের ৩৬টি অফিস সহ মোট ৩৭টি অফিস রয়েছে। ৬৮টি জেলার মধ্যে ৩৬টি জেলায় অফিস স্থাপিত হলেও অন্য জেলা সমূহে জনবলের অভাবে অদ্যাবধি কোন অফিস স্থাপন করা সম্ভব হয় নাই।

সারাদেশে হেড অফিস ও মাঠ পর্যায়ে মহাপরিচালকসহ মোট ৫৪ জন কর্মকর্তা এবং ৯২জন বিভিন্ন ধাপের কর্মচারী নিয়োজিত আছেন। জেলা পর্যায়ে বিদ্যমান ৩৬টি অফিসের সাথে ১২জেলায় ১২টি নতুন অফিস স্থাপনের লক্ষ্যে জনবল কাঠামো অনুমোদনের প্রস্তাব করা হয়েছে যা মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে।

কর্মবন্টনঃ

ঔষধের কাঁচামাল/মোড়ক দ্রব্যাদি, প্রস্তুতকৃত ঔষধ আমদানি থেকে শুরু করে সকল প্রকার ঔষধের উৎপাদন, রপ্তানি, বিতরণ, বিক্রয়, মূল্য নিয়ন্ত্রণ, বিজ্ঞাপণ নিয়ন্ত্রণ ও মান-নিয়ন্ত্রণের লক্ষ্যে ঔষধের নমুনা সংগ্রহ ও মান-নিয়ন্ত্রণের ব্যবস্থা ইত্যাদি যাবতীয় কর্মকান্ড প্রচলিত ঔষধ আইনের আওতায় ঔষধ প্রশাসন অধিদপ্তর করে থকে। বর্তমান অবকাঠামোতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান নির্বাহী হলেন মহাপরিচালক। তিনি সার্বিক প্রশাসনিক কর্মকান্ড পরিচালনা করা ছাড়াও লাইসেন্সিং কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করে থাকেন।

বাৎসরিক বাজেট বরাদ্দ, রাজস্ব আয় ও ব্যয় সংক্রান্তঃ

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ	আয়	ব্যয়
২০১০-২০১১	৬,১৩,১১,০০০/-	৫,৪২,৭৫,০০০/-	১,৬৮,২৫,০০০/-
২০১১-২০১২	৬,৫১,৩০,০০০/-	৮,৫৪,৮৯,১৪৯/-	৪,৯২,১৩,০০০/-

সাম্প্রতিক অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনাঃ

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পরিপত্র নং- জনস্বাস্থ্য-১/ঔষধ-৩১/২০০২ (অংশ)/৪৮৭ তারিখ ১৭-০১-২০১০ এর মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঔষধ প্রশাসন পরিদপ্তরকে সংযুক্ত দপ্তর হিসেবে অধিদপ্তরে উন্নীত করা হয় যা ১৯-০১-২০১০ তারিখে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়। ঔষধ প্রশাসন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করায় নতুন জনবল সৃষ্টি এবং শূন্য পদে নিয়োগ ত্বরান্বিত করার জন্য ইতোমধ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যার ফলে ঔষধ সেক্টরে দক্ষ জনশক্তি বৃদ্ধিসহ কাজে গতি সঞ্চার হবে। সম্প্রতি ১৪জন ঔষধ তত্ত্বাবধায়ক এবং ৪জন ঔষধ পরিদর্শক নিয়োগ দেয়া হয়েছে এবং আরো ৫২জন ঔষধ তত্ত্বাবধায়ক নিয়োগ প্রক্রিয়াধীন আছে। এছাড়া বিগত ২ বছরে ১৭জন ঔষধ তত্ত্বাবধায়কে সহকারী পরিচালক ও ৭জন সহকারী পরিচালককে উপ-পরিচালক পদে পদোন্নতি এবং ৩জন উপ-পরিচালকে পরিচালকের চলতি দায়িত্ব প্রদান করা হয়েছে। ফলে প্রশাসনিক স্থবিরতা অনেকাংশে লাঘব হয়েছে। এতে দেশে মান সম্পন্ন ঔষধ উৎপাদন, সরবরাহ ও বিপনন ব্যবস্থার উপর নজরদারী ও নিয়ন্ত্রণ বৃদ্ধি পাবে। দেশে উৎপাদিত ঔষধের মান উন্নয়ন এবং ঔষধের গুণগত মান পরীক্ষণের ক্ষমতা ও সুবিধা বৃদ্ধি পাবে। ঔষধের রপ্তানি উত্তরোত্তর বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালনের মাধ্যমে ঔষধ সেক্টরকে উল্লেখযোগ্য রপ্তানি আয়ের সেক্টরে পরিণত করা সম্ভব হবে।

(খ) ইনষ্টিটিউট অব পাবলিক হেলথ এর আওতাধীন ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরীকে ঔষধ প্রশাসন অধিদপ্তরের আওতাভুক্ত করে এটিকে আধুনিক ল্যাবরেটরীতে উন্নীত করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উক্ত ল্যাবটিকে ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী (NCL) হিসাবে ঘোষণা করা হয়েছে এবং উক্ত এনসিএল ও ডিটিএল এর আধুনিকায়নের জন্য সরকার ও দাতা সংস্থা ইতোমধ্যে ২১৮৮.০০ লক্ষ টাকা বরাদ্দ করেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগিতায় বিশ্বব্যাংকের অর্থায়নে এনসিএল ও ডিটিএল এর প্রয়োজনীয় যন্ত্রপাতি ইতোমধ্যে আমদানি করা হয়েছে। বর্তমানে উক্ত যন্ত্রপাতি স্থাপনের কাজ চলছে। এছাড়া উক্ত ল্যাবরেটরী বিল্ডিং এর সংস্কার ও উন্নয়ন কাজ সরকারি অর্থায়নে ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। আশা করা যায় অচিরেই মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উক্ত ল্যাবরেটরীর শুভ উদ্বোধন করা সম্ভব হবে। ভবিষ্যতে উক্ত ল্যাবরেটরীকে বিশ্বস্বাস্থ্য সংস্থা কর্তৃক accreditation এর কাজ সম্পন্ন করা হবে।

(গ) সাধারণ জনগণের চাহিদা ও ক্রয় ক্ষমতার উপর লক্ষ্য রেখে ঔষধ শিল্পকে প্রয়োজনীয় গুরুত্ব দেয়া হয়েছে। দেশীয় চাহিদার প্রায় ৯৭ ভাগেরও বেশী ঔষধ বর্তমানে স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে। ঔষধ শিল্পে অগ্রগতি ও উৎপাদিত ঔষধ আন্তর্জাতিক মানসম্পন্ন হওয়ায় বর্তমানে দেশে উৎপাদিত ১৮৭ ব্রান্ডের বিভিন্ন প্রকার ঔষধ ও ঔষধের কাঁচামাল যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যসহ বিশ্বের প্রায় ৮৭টি দেশে রপ্তানি হচ্ছে। ২০১১ সালে ৪৮০ কোটি টাকার ঔষধ রপ্তানি হয়েছে। ২০১২ সালের জুন পযর্ন্ত প্রায় ২০০ কোটি টাকার ঔষধ রপ্তানি হয়েছে। দেশে উৎপাদিত ঔষধের বেশির ভাগ কাঁচামাল বিদেশ হতে আমদানি করা হত। ঔষধ শিল্পের সামগ্রিকভাবে আত্মনির্ভরশীল হওয়ার লক্ষ্যে এবং কাঁচামাল সহজলভ্য ও সুলভ করার উদ্দেশ্যে ঢাকার অদূরে গজারিয়ায় একটি একটিভ ফার্মাসিউটিক্যাল ইনগ্রেডিয়েন্ট (এপিআই) পার্ক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর স্বাস্থ্য মন্ত্রণালয়ের রাজস্ব আয়ের অন্যতম খাত। ২০১০-২০১১ অর্থ বছরে ৫,৪২,৭৫,০০০ টাকা ও ২০১১-২০১২ অর্থ বছরে ৮,৫৪,৮৯,১৪৯ টাকা রাজস্ব আয় হয়েছে। বিনিয়োগ ও সক্ষমতা বাড়িয়ে এটি আরও বাড়ানো সম্ভব হবে।

ওয়েব সাইট ও ডাটা-বেইসঃ

ডিজিটাল বাংলাদেশ গড়া বর্তমান সরকারের একটি অন্যতম পদক্ষেপ।ঔষধ প্রশাসন ও ঔষধ সংক্রান্ত বিভিন্ন তথ্যাদির একটি ওয়েব সাইট রয়েছে (www.dgda.gov.bd)। ঔষধ সংক্রান্ত সার্বিক হালনাগাদ তথ্যাদি অন্তর্ভুক্তির মাধ্যমে ওয়েব সাইট-এর আপ-গ্রেডেশনের কাজ প্রায় সমাপ্তির পথে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ডিজিটাল পদ্ধতিতে তথ্য আদান-প্রদানের জন্য ইলেকট্রনিক নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ঔষধ সংক্রান্ত হালনাগাদ তথ্য উপাত্ত এবং নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে তথ্যাদি প্রাপ্তির লক্ষ্যে ঔষধ প্রশাসন অধিদপ্তরে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেকশন রয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিভিন্ন ঔষধ সংক্রান্ত তথ্যাদির একটি ডাটা-বেইস রয়েছে। উক্ত ডাটা-বেইসকে আরো তথ্য সমৃদ্ধ করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বর্তমান সরকারের সময় উক্ত ওয়েবসাইট ও ডাটা বেইসের কাজ ৯০ ভাগ সম্পন্ন হয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রম গতিশীল করার নিমিত্ত অটোমেশন করার কাজ শুরু হয়েছে এবং ইতোমধ্যে উক্ত কাজের প্রায় ৯৫ শতাংশ শেষ হয়েছে। বর্তমানে ডাটা-এন্ট্রি ও সংশ্লিষ্টদের প্রশিক্ষণের কাজ অবশিষ্ট আছে। যা আগামী অর্থ বছরে সম্পন্ন হবে।

ভবিষ্যত পরিকল্পনাঃ

(ক) ঔষধ প্রশাসন অধিদপ্তরের যাবতীয় কার্যক্রম অটোমেশনের মাধ্যমে সম্পন্ন করা।

(খ) DTL এবং NCL-কে WHO Accreditated Laboratory-তে পরিণত করা।

(গ) ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যক্রম গতিশীল করতঃ রাজস্ব আদায় বৃদ্ধি করা।

(ঘ) ঔষধ প্রশাসন অধিদপ্তরের বিদ্যমান ওয়েব-সাইট এর উন্নয়ন করা।

(ঙ) ঔষধ উৎপাদনকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠান পরিদর্শনসহ Post Marketing Surveillance বৃদ্ধি করা।

ষষ্ঠ অধ্যায়

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ভূমিকাঃ

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (Health Engineering Department) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নিজস্ব প্রকৌশল সংস্থা। ২০১০ সালে সাবেক নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা ইউনিট (সিএমএমইউ) কে Attached Department হিসেবে Health Engineering Department (HED) এ উন্নীতকরণ করা হয়। বর্তমানে এইচইডি'র অনুমোদিত জনবল ৪৯১ জন। এইচইডি'র প্রধান কার্যালয় ঢাকাতে অবস্থিত। এছাড়া ০৪টি সার্কেল অফিস, ১৬টি বিভাগীয় কার্যালয় ও ৫০টি সহকারী প্রকৌশলীর কার্যালয়ের মাধ্যমে এইচইডি'র কার্যক্রম পরিচালিত হচ্ছে। মূলত গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির দোরগোড়ায় স্বাস্থ্য সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণসহ বিদ্যমান অবকাঠামোর মানসম্মত মেরামত ও রক্ষণাবেক্ষণ এর দায়িত্ব এইচইডি'র উপর ন্যস্ত রয়েছে। এইচইডি স্বল্প সংখ্যক জনবল দ্বারা সে দায়িত্ব পালনে সদা সচেষ্ট রয়েছে।

কর্মপরিধিঃ

ওয়ার্ড পর্যায় থেকে জেলা পর্যায়ে ১০০ শয্যা পর্যন্ত সকল স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো/স্থাপনা সমূহের নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়নের দায়িত্ব স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর উপর ন্যস্ত করা আছে। এ ছাড়া মন্ত্রণালয়ের নির্দেশে জেলা হাসপাতাল, জাতীয় পর্যায়ের হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ ও মেরামত সংস্কার কাজও এইচইডি কর্তৃক বাস্তবায়িত হয়।

সাংগঠনিক কাঠামো, জনবল এবং বিভাগ ভিত্তিক কর্মবন্টনঃ

ক. সাংগঠনিক কাঠামো ও জনবলঃ

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাংগঠনিক কাঠামো অনুযায়ী অনুমোদিত জনবল ৪৯১ জন। নিম্নে জনবল সংক্রান্ত তথ্যাবলী দেয়া হলোঃ

ক্রমিক নং	কার্যালয়ের নাম	অনুমোদিত জনবলের সংখ্যা
০১।	প্রধান কার্যালয়	৭৫
০২।	তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয় (৪টি)	৩১
০৩।	নির্বাহী প্রকৌশলীর কার্যালয় (১৬ টি)	১৬৮
০৪।	সহকারী প্রকৌশলীর কার্যালয় (৫০টি)	২১৭
	মোটঃ	৪৯১

খ. বিভাগ ভিত্তিক কর্মবন্টনঃ

এইচইডি'র কর্মপরিধি অনুযায়ী ওয়ার্ড পর্যায়ে কমিউনিটি ক্লিনিক নির্মাণ, মেরামত ও সংস্কার কাজ, ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ, মেরামত ও সংস্কার কাজ, উপজেলা পর্যায়ে নতুন ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ কাজ, বিদ্যমান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সমূহকে ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ, নতুন ২০ শয্যা ও ১০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ, উপজেলা ষ্টোর নির্মাণ, জেলা

পর্যায়ে জেলা সদর হাসপাতালের উন্নীতকরণ কাজ, মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC), পরিবার কল্যাণ পরিদর্শিকা ট্রেনিং ইনস্টিটিউট (FWVTI), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র (RTC) নির্মাণ, নার্সিং ট্রেনিং ইনষ্টিটিউট, নার্সিং কলেজ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) নির্মাণ সহ মন্ত্রণালয় নির্দেশিত অন্যান্য কাজ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর উপর ন্যস্ত রয়েছে।

২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরের বাজেট বরাদ্দ (অনুন্নয়ন ও উন্নয়ন) ও ব্যয়ঃ

(ক) উন্নয়ন বাজেটঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	বরাদ্দকৃত টাকার পরিমান			ব্যয়িত টাকার পরিমান		
	জিওবি	আরপিএ	মোট	জিওবি	আরপিএ	মোট
২০১০-২০১১	১৫,০১৮.০০	৭,০০০.০০	২২,০১৮.০০	১৪,৭৫২.৮১	৬,৯৯৪.৪৮	২১,৭৪৭.২৯
২০১১-২০১২	৬,৬৪০.০০	২,১০০.০০	৮,৭৪০.০০	৬,৫৫১.৫৯	২,০৯৫.২৪	৮,৬৪৬.৮৩

(খ) অনুন্নয়ন বাজেটঃ

(লক্ষ টাকা)

অর্থ বছর	বরাদ্দকৃত টাকার পরিমান	ব্যয়িত টাকার পরিমান
২০১০-২০১১	১৫,০০০.০০	১৩,৩৬৫.০০
২০১১-২০১২	১২,৪৬৮.০০	১০,৯৮৫.৫৩

বিভাগ ভিত্তিক কর্মসম্পাদন প্রতিবেদনঃ

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক কর্ম সম্পাদন/বাস্তবায়িত কাজের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপঃ

(ক) কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার কাজঃ

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে ১৯৯৮-২০০১ সময়কালে নির্মিত ১০৭২৩টি কমিউনিটি ক্লিনিক দীর্ঘকাল যাবত পরিত্যক্ত অবস্থায় থাকায় পুনরায় চালুকরনের জন্য ক্লিনিকগুলির মেরামত ও সংস্কার কার্যক্রম হাতে নেয়া হয়। ইতোমধ্যে ২০০৮-২০০৯, ২০০৯-২০১০, ২০১০-২০১১ অর্থ বছরে জিওবি রাজস্ব বাজেটের অর্থায়নে ১০৫৯৫টি কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার করা হয়েছে। অবশিষ্ট ১২৮টি কমিউনিটি ক্লিনিক মেরামত ও সংস্কার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

(খ) নতুন কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজঃ

Revitalization of Community Health Care Initiatives in Bangladesh শীর্ষক প্রকল্পের আওতায় ২৮৭৬টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে প্রথম পর্যায়ে ২০০৯-২০১০ অর্থ বছরে ১০০টি, ২০১০-১১ অর্থ বছরে ১২০৫টি এবং চলতি ২০১১-২০১২ অর্থ বছরে আরও ৩০০টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ হাতে নেয়া হয়েছে যার মধ্যে ১২১৭টির কাজ সমাপ্ত হয়েছে অবশিষ্টগুলোর গড় অগ্রগতি ৮৭%। ২০১১-২০১২ অর্থ বছরে আরও ৩৫৪টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে।

(গ) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ কাজঃ

সারাদেশে প্রতিটি ইউনিয়নে ১টি করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (HFWC) স্থাপন কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ৩৮৬৮টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মিত হয়েছে। চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) অবশিষ্ট ২০০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) নির্মাণ করা হবে যার মধ্যে চলতি ২০১১-১২ অর্থ বছরে ১৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে।

ঘ) উপজেলা হাসপাতাল ৫০ শয্যায় উন্নীতকরণঃ

গ্রামীণ জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে সারাদেশে ৪২১টি উপজেলায় ৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পর্যায়ক্রমে নির্মাণ করা হয়। কালক্রমে জনসংখ্যা বৃদ্ধি, জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং বাস্তব চাহিদার প্রেক্ষাপটে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসমূহের সম্প্রসারণ এবং মান উন্নীতকরণ করা অপরিহার্য হয়ে পড়ে। সে প্রেক্ষিতে বর্তমানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ করা হচ্ছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স উন্নীতকরণ কার্যক্রমের আওতায় ১৯টি নতুন শয্যা, OT, আউটডোর, র‍্যাম্প ইত্যাদিসহ ওপিডি ভবন, ডক্টরস্ ডরমিটরি, নার্সেস ডরমিটরি এবং ষ্টাফ কোয়ার্টার নির্মাণ কাজসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ বাস্তবায়ন করা হচ্ছে। HNPSP কর্মসূচির আওতায় ৩০১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ হাতে নেয়া হয় যার মধ্যে ২৭০টির নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে, অবশিষ্ট ৩১টির উন্নীতকরণ কাজ চলছে যার গড় অগ্রগতি ৭২%। চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) আরও ১০৯ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ বাস্তবায়ন করা হবে। চলতি অর্থ বছরে এ পর্যন্ত ২২টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ বাস্তবায়নের দরপত্র গ্রহণ করা হয় যার মধ্যে ৫টির NOA দেয়া হয়েছে। অবশিষ্ট ১৭টির দরপত্র মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে।

(ঙ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ কাজঃ

নবসৃষ্ট উপজেলায় জনসাধারনের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য প্রতিটি উপজেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ করা হবে। HNPSP কর্মসূচির আওতায় হাতে নেওয়া ১৩টি কেন্দ্রের মধ্যে ০৯টি ৩১ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল নির্মিত হয়েছে এবং ৪টির নির্মাণ কাজ চলছে। চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) আরও ১২টি ৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল নির্মাণ করা হবে।

(চ) জেলা সদর হাসপাতাল ৫০/১০০ শয্যা থেকে ১০০/২৫০ শয্যায় উন্নীতকরণ কাজঃ

দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে জেলা সদর হাসপাতাল সমূহকে পর্যায়ক্রমে মান উন্নয়ন করা হচ্ছে। শয্যা সংখ্যা বৃদ্ধি, নতুন অপারেশন থিয়েটার (OT) নির্মাণ, মা ও শিশু বান্ধবকরণ, নতুন টয়লেট, বাথরুম, র‍্যাম্প নির্মাণসহ ডাক্তার ও নার্সদের আবাসন সুযোগ সুবিধা বৃদ্ধি করা হচ্ছে। HNPSP কর্মসূচির আওতায় হাতে নেওয়া ১০টি হাসপাতালের মধ্যে ৬টি হাসপাতাল ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীতকরণ করা হয়েছে। অবশিষ্ট ৪টি হাসপাতালের উন্নীতকরণ কাজ চলমান রয়েছে। চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) মানিকগঞ্জ জেলা হাসপাতাল ও টংগী হাসপাতাল ৫০ শয্যা থেকে ২৫০ শয্যায় উন্নীতকরণ করা হবে। এছাড়া মুন্সীগঞ্জ, মাদারীপুর ও কুড়িগ্রাম সদর হাসপাতাল ১০০ শয্যা থেকে ২৫০ শয্যায় উন্নীত করা হবে।

(ছ) নার্সিং কলেজ ও ট্রেনিং ইনষ্টিটিউট নির্মাণঃ

নার্সিং হচ্ছে স্বাস্থ্য সেবার মেরুদন্ড। মান সম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য নার্সিং সেবা অপরিহার্য। দেশে বিদেশে দক্ষ নার্সের চাহিদা বিবেচনা করে সরকার দক্ষ নার্স তৈরির জন্য নতুন নতুন নার্সেস ট্রেনিং ইনষ্টিটিউট এবং নার্সিং কলেজ নির্মাণের পরিকল্পনা করেছে। এইচইডি কর্তৃক ইতোমধ্যে ২টি নার্সিং কলেজ নির্মাণ কাজ শেষ হয়েছে। চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) আরও ৭টি নার্সিং কলেজ নির্মাণ করা হবে। এছাড়া বিদ্যমান ৬টি নার্সিং ট্রেনিং ইনষ্টিটিউটকে নার্সিং কলেজে রূপান্তর করা হবে।

(জ) ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি (আইএইচইটি) নির্মাণঃ

ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্যসেবা সহকারী, ল্যাবরেটরী টেকনিশিয়ান ইত্যাদি জনবল প্রশিক্ষণ লাভ করেন। ইতোমধ্যে HNPSP কর্মসূচির আওতায় হাতে নেওয়া ৬টি কেন্দ্রের মধ্যে ৪টি IHT নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে এবং ১টির নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া চলমান HPNSDP কর্মসূচির আওতায় (২০১১-২০১৬) আরও ১১টি IHT নির্মাণের পরিকল্পনা রয়েছে।

(ঝ) ২০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল নির্মাণঃ

উপজেলা সদর থেকে দূরে অবস্থিত জনসাধারনের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে এবং যে সকল উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্স উপজেলা সদর থেকে দূরবর্তী স্থানে অবস্থিত সে সকল স্থানের জনগণের স্বাস্থ্যসেবার কথা বিবেচনা করে ২০ শয্যার হাসপাতাল নির্মাণ করা হচ্ছে। HNPSP কর্মসূচির আওতায় এ পর্যন্ত ১৫টি নতুন হাসপাতাল নির্মিত হয়েছে। ৭টির নির্মাণ কাজ চলমান রয়েছে।

(ঞ) উপজেলা ষ্টোর নির্মাণঃ

পরিবার পরিকল্পনা সামগ্রী এবং ঔষধপত্র সংরক্ষণ এবং দূরবর্তী স্থানে সরবরাহ নিশ্চিতকরণের জন্য প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর নির্মাণ করা হচ্ছে। ইতোপূর্বে ১৯৯৮-২০০১ সময়কালে ২১০টি উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর নির্মাণ করা হয়েছিল। পরবর্তীতে আরও ৭৮টি উপজেলা ষ্টোর নির্মাণ কাজ শেষ হয়েছে।

(ট) ইপিআই জেলা ষ্টোর নির্মাণঃ

ইপিআই সামগ্রী এবং ঔষধপত্র সংরক্ষণ এবং দূরবর্তী স্থানে সরবরাহ নিশ্চিতকরণের জন্য জেলা ষ্টোর নির্মাণ করা হচ্ছে। ১০০টি জেলা ষ্টোর নির্মাণ করা হবে। চলতি অর্থ বছরে গেভী-এইচএস অর্থায়নে ৯টি জেলা ষ্টোর নির্মাণ কাজের দরপত্র আহ্বান করা হয়েছে।

(ঠ) স্বাস্থ্য ভবন নির্মাণঃ

ঢাকার মহাখালীতে স্বাস্থ্য অধিদপ্তরের নিজস্ব ভবন নির্মাণাধীন রয়েছে। ৩টি বেজমেন্টসহ ৪র্থ তলা পর্যন্ত নির্মাণের জন্য ৩,৩৯২.১১ লক্ষ টাকা চুক্তি করা হয়েছে। বর্তমানে নির্মাণ কাজটি চলমান রয়েছে।

(ড) ডিপিপিভূক্ত কাজঃ

উন্নয়ন কর্মপরিকল্পনা (ডিপিপি) এর আওতায় (১) গোপালগঞ্জ জেলায় ৫০০ শয্যা বিশিষ্ট শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনষ্টিটিউট স্থাপন কাজ (২) ২৫০ শয্যা বিশিষ্ট সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনষ্টিটিউট স্থাপন কাজ বাস্তবায়ন করা হবে। ইতোমধ্যে ডিপিপি অনুমোদিত হয়েছে এবং জমি অধিগ্রহণের কাজ চলছে। বর্ণিত প্রকল্প ২টির পূর্ত কাজ বাস্তবায়নের জন্য প্রাক্কলিত মূল্য নিম্নরূপঃ

(১)	গোপালগঞ্জ শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল	:	৩৩,৯০৪.৮৯ লক্ষ টাকা।
(২)	সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল	:	১৯,৭২৩.৩২ লক্ষ টাকা।
	মোট	:	৫৩,৬২৮.৮১ লক্ষ টাকা।

(ঢ) ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরী (ডিটিএল) এবং ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী (এনসিএল) এর নবরূপায়ন কাজঃ

ঢাকার মহাখালীস্থ আইপিএইচ কমপ্লেক্সে ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরী (ডিটিএল) এবং ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী (এনসিএল) এর নবরূপায়ন কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি সন্তোষজনক।

এইচইডি কর্তৃক সম্পাদিত কাজের তালিকা নিম্নরূপঃ

ক্রমিক নং	কাজের নাম	হাতে নেয়া মোট কাজের সংখ্যা	সমাপ্ত কাজের সংখ্যা	চলমান কাজের সংখ্যা	মন্তব্য
০১	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ কাজ	৩০১	২৭০	৩১	
০২	৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ	১৩	৯	৪	
০৩	২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ কাজ	২২	১৫	৭	
০৪	জেলা হাসপাতালকে ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণ কাজ	১০	৬	৪	
০৫	নার্সিং কলেজ নির্মাণ কাজ	৩	২	১	
০৬	উপজেলা ষ্টোর নির্মাণ কাজ	৭৮	৭৮	-	
০৭	মা ও শিশু কল্যাণ কেন্দ্রকে ১০ শয্যা হতে ২০ শয্যায় উন্নীতকরণ কাজ	৬০	৬০	-	
০৮	১০০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ কাজ	২	২	-	
০৯	মিরপুরস্থ হোমিওপ্যাথিক এবং আয়ুর্বেদিক হাসপাতাল উন্নীতকরণ কাজ	১	১	-	
১০	মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলকে মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং ইনষ্টিটিউটে রূপান্তরকরন কাজ	৪	৪	-	
১১	সিলেট জেলায় ফ্যামিলি ওয়েলফেয়ার ভিজিটর ট্রেনিং ইনষ্টিটিউট নির্মাণ কাজ	১	১	-	
১২	ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি নির্মাণ কাজ	৫	৪	১	
১৩	সিলেটে সরকারি তিব্বিয়া কলেজ নির্মাণ কাজ	১	১	-	
১৪	মানিকগঞ্জ জেলায় নার্সিং ট্রেনিং ইনষ্টিটিউট নির্মাণ কাজ	১	১	-	
১৫	ঢাকার মহাখালিস্থ বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জনস্ ভবনের অধিকতর উন্নীতকরণ কাজ (১ম পর্ব)	১	১	-	
১৬	দিনাজপুর জেলার সদরে অরবিন্দু শিশু হাসপাতাল নির্মাণ কাজ	১	১	-	
১৭	ঢাকাস্থ মহাখালীতে ২০ তলা স্বাস্থ্য ভবন নির্মাণ কাজ	১	-	১	
১৮	ঢাকাস্থ মহাখালী নিপসম ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারন (৪র্থ তলা পর্যন্ত) কাজ	১	১	-	
১৯	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ এবং আরডি উন্নীতকরণ	৬৪৪	৫৯৫	৪২	৭টি কেন্দ্রের নির্মাণ কাজ জমি সংক্রান্ত জটিলতার কারণে স্থগিত করা হয়েছে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

(ক) অপারেশনাল প্ল্যানভুক্ত কাজঃ

Health, Population & Nutrition Sector Development Programme (HPNSDP) এর আওতায় (২০১১-২০১৬) দেশব্যাপী বিভিন্ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ ও সংস্কার কাজের জন্য ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট অপারেশনাল প্ল্যানের আওতায় ৪,৮১,৫২৫.০০ লক্ষ টাকার উন্নয়ন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর মধ্যে প্রকল্প সাহায্যের (পিএ ফান্ড) আওতায় প্রথম ১৮ মাসের পরিকল্পায় ৳.১,০৪,৭৮৫.০০ লক্ষ টাকার কাজ অন্তর্ভুক্ত।

গৃহীত উল্লেখযোগ্য প্রকল্প সমূহঃ

ক্রমিক নং	প্রকল্পের নাম	Carried over কাজ	নতুন কাজ	মোট
০১	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১-৫০ শয্যায় উন্নীতকরণ কাজ	৫৫	১০৯	১৬৪
০২	জেলা হাসপাতালকে ৫০-১০০ শয্যায় উন্নীতকরণ কাজ (নড়াইল, নেত্রকোণা, গাজীপুর ও রাজবাড়ী)	৪ (৫০-১০০ শয্যা)	-	৪
০৩	আধুনিক সদর হাসপাতাল ১০০-২৫০ শয্যায় উন্নীতকরণ কাজ (৫০-২৫০= ৪টি এবং ১০০-২৫০= ২টি)	-	৬	৬
০৪	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ কাজ	৬৯	২০০	২৬৯
০৫	নার্সিং ইন্সটিটিউট নির্মাণ কাজ	১	-	১
০৬	নার্সিং ইন্সটিটিউটকে নার্সিং কলেজে রূপান্তরকরণ কাজ	-	৬	৬
০৭	৩১ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ	৪	-	৪
০৮	নতুন ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ	৮	-	৮
০৯	১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা হাসপাতাল	-	৪৮	৪৮
১০	১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ	-	১৪	১৪
১১	ঢাকা মহাখালীতে স্বাস্থ্য ভবন নির্মাণ কাজ	১	-	১
১২	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) ভবন নির্মাণ কাজ	-	১	১
১৩	বিভাগীয় ও জেলা পরিবার পরিকল্পনা ভবন নির্মাণ কাজ	-	৬১	৬১
১৪	উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোর নির্মাণ কাজ	১৫	-	১৫
১৫	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ কাজ	-	৮০০	৮০০
১৬	এফডব্লিউভিটিআই নির্মাণ কাজ	১	৮	৯
১৭	আরটিসি নির্মাণ কাজ	১	-	১
১৮	মেডিকেল এ্যাসিসট্যান্ট ট্রেনিং ইনষ্টিটিউট নির্মাণ কাজ	-	৫	৫
১৯	নার্সিং ও মিডওয়াইফারী ভবন নির্মাণ	-	১	১
২০	সেন্ট্রাল ইপিআই ভ্যাকসিন ওয়্যারহাউজ নির্মাণ	-	১	১

খ) কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজঃ

সারাদেশে ১৩৫০০টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও ফাংশনাল করার লক্ষ্যে আগামী অর্থ বছরে পর্যায়ক্রমে অবশিষ্ট কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ হতে নেয়া হবে।

(গ) পার্টনারস ইন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (পিপিডি) সেক্রেটারিয়েট ভবন নির্মাণঃ

ঢাকার শের-ই-বাংলা নগরে আন্তর্জাতিক সংস্থা পার্টনারস ইন পপুলেশন এন্ড ডেভেলপমেন্ট (পিপিডি) এর সেক্রেটারিয়েট ভবন নির্মাণ কাজ বাস্তবায়নের পরিকল্পনা করা হয়েছে।

(ঘ) অনুন্নয়ন বাজেটভুক্ত কাজঃ

বরাবরের ন্যায় আগামী অর্থ বছরেও রাজস্ব (অনুন্নয়ন) বাজেটের আওতায় বিদ্যমান স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থাপনার দৈনন্দিন, রুটিন ও পিরিওডিক্যাল মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা হবে, যার প্রাক্কলিত মূল্য হবে প্রায় ৳ ১৫০০০.০০ লক্ষ টাকা।

উপসংহারঃ

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্বল্প সংখ্যক জনবলের মাধ্যমে নিরলস পরিশ্রম করে দেশের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামোর নির্মাণ, উন্নীতকরণ, মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করে যাচ্ছে। দেশের আপামর জনসাধারনের স্বাস্থ্যসেবার মান বৃদ্ধির সাথে সাথে এইচইডি'র কর্মপরিধি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। এইচইডি'র কার্যক্ষমতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে অবিলম্বে এইচইডি'র সম্প্রসারণ করে জনবল বৃদ্ধি করা অপরিহার্য। প্রশাসনিক ও সাংগঠনিক কর্মক্ষমতা বৃদ্ধি করে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের আপামর জনসাধারনের কাছে স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়ে ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা পালন করবে।

সপ্তম অধ্যায়

২০১০-২০১১ ও ২০১১-২০১২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সমাপ্ত প্রকল্পের তালিকা

গণপূর্ত অধিদপ্তর (স্বাস্থ্য উইং):

১.০ HNPSP (Health, Nutrition & Population Sector Program) ভূক্ত ADP প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়নের জন্য মোট প্রায় ৩৯০৮.৮৭ কোটি টাকার নির্মাণ কাজের সংস্থান ছিল যার মধ্যে গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ১০২৭.৪৬ কোটি টাকার কাজ নির্বাহ করা হয়। এর মধ্যে ২০১০-২০১১ অর্থ বছর পর্যন্ত (১৫+৮) = ২৩টি প্রকল্পের নির্মাণ কাজ সমাপ্ত করা হয়।

২.০ ২০১১-২০১২ অর্থ বছর পর্যন্ত ৫৩টি (৪০ + ১৩) প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

২০১০-২০১১অর্থ বছরের গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সমাপ্ত ও চলমান প্রকল্পসমূহের বার্ষিক অগ্রগতির প্রতিবেদনঃ

গণপূর্ত অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন স্থাপনা নির্মাণ, মেরামত ও সংরক্ষন করে থাকে।স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচির (HNPSP) এর আওতায় ২০১০-১১ অর্থ বছর পর্যন্ত ৩১টি প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বাকি প্রকল্পের কাজ বিভিন্ন পর্যায়ে বাস্তবায়নাধীন রয়েছে।

(ক) <u>(HNPSP) এর আওতায় সমাপ্ত একক প্রকল্পসমূহঃ-</u>

(১) দেশের পুরাতন আটটি মেডিকেল কলেজে ইন্টার্নী ডাক্তার হোষ্টেল নির্মাণ। (ঢাকা মেডিকেল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, সিলেট মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, বরিশাল মেডিকেল কলেজ, চট্টগ্রাম মেডিকেল কলেজ ও রংপুর মেডিকেল কলেজ)

(২) ঢাকার এনআইসিভিডিতে ৮ ইঞ্চি ডায়া ডিপ-টিউবওয়েল স্থাপন প্রকল্প

(৩) ঢাকার এনআইসিভিডিতে সিসিইউ বর্ধিতকরণ ও উন্নীতকরণ

(৪) ঢাকা মেডিকেল কলেজে ১০০ শয্যা বিশিষ্ট ডাক্তার কোয়ার্টার নির্মাণ

(৫) কুমিল্লা মেডিকেল কলেজে ১২০ আসন বিশিষ্ট ২টি ছাত্র হোষ্টেল নির্মাণ

(৬) খুলনা মেডিকেল কলেজে ছাত্র ও ছাত্রী হোষ্টেল নির্মাণ(১ম পর্যায়)

(৭) টাঙ্গাইল সদর হাসপাতালে মর্গ নির্মাণ

(৮) ১০তলা ভিত বিশিষ্ট বিএমআরসি ভবন নির্মাণ

৯) কুমিল্লার দাউদকান্দিতে ট্রমা সেন্টার নির্মাণ

(১০) কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালকে ২৫০ শয্যা হইতে ৫০০ শয্যায় উন্নীতকরণ

(১১) দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ

(১২) ঢাকা শিশু হাসপাতালে ৮০০ কেভিএ জেনারেটর এবং লিফট স্থাপন

(১৩) ঢাকার এনআইসিভিডিতে ১৬০০ কেভি এ জেনারেটর এবং লিফট স্থাপন

(১৪) ঢাকার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ১০টি পুরাতন লিফট পরিবর্তন এবং ১৫০০ কেভিএ সাব-ষ্টেশন স্থাপন

(১৫) যশোর ২৫০ শয্যা বিশিষ্ট সদর হাসপাতালে করোনারী কেয়ার ইউনিট স্থাপন।

(খ) <u>এছাড়াও (HNPSP) এর আওতায় সমাপ্ত ক্লাষ্টার প্রকল্পসমূহ নিম্নরূপঃ-</u>

(১) আইসিইউ এবং ক্যাজুয়ালিটি ইউনিট নির্মাণ (রাজশাহী, বরিশাল,ও সিলেট)

(২) দেশের ৭টি পুরাতন মেডিকেল কলেজ হাসপাতালে নার্সেস ফিমেল হোষ্টেলকে ৫০শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত করণ (ময়মনসিংহ মেডিকেল কলেজ, সিলেট মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, রংপুর মেডিকেল কলেজ, চট্টগ্রাম মেডিকেল কলেজ)

(৩) দেশের ৭টি পুরাতন মেডিকেল কলেজ হাসপাতালে ছাত্রী হোষ্টেল নির্মাণ (ঢাকা মেডিকেল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ময়মনসিংহ মেডিকেল কলেজ, রাজশাহী মেডিকেল কলেজ, বরিশাল মেডিকেল কলেজ, চট্টগ্রাম মেডিকেল কলেজ, রংপুর মেডিকেল কলেজ)

(৪) ৪টি মেডিকেল কলেজ হাসপাতালে আইসিইউ এবং ক্যাজুয়ালিটি ইউনিট বর্ধিতকরণ ও উন্নীতকরণ (বগুড়া মেডিকেল কলেজ হাসপাতাল, দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতাল)

